

💵 কুরআন-সুনাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায়: পরিচিতি, উৎস ও গুরুত্ব রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ২. ইসলামী আকীদার উৎস - ১. ২. ১. বিশ্বাস বনাম জ্ঞান

বিশ্বাস বা ঈমানের ভিত্তি হলো জ্ঞান। কোনো বিষয়ে বিশ্বাস করতে হলে তাকে জানতে হবে। বিশুদ্ধ ঈমান বা বিশ্বাসই যেহেতু দুনিয়া ও আখিরাতে মানবীয় সফলতার মূল চাবিকাঠি সেহেতু ঈমান বিষক জ্ঞান অর্জন করাই মানব জীবনের সর্বপ্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ ফরয দায়িত্ব। মহান আল্লাহ বলেন:

فَاعْلَمْ أَنَّهُ لا إِلَهَ إِلا اللَّهُ

"অতএব তুমি জেনে রাখ যে, আল্লাহ ব্যতীত কোনো মাবুদ বা উপাস্য নেই।"[1]

বিশুদ্ধ ঈমান বিষয়ক সঠিক জ্ঞানই মানব জীবনের সর্বশ্রেষ্ঠ ও সবচেয়ে প্রয়োজনীয় জ্ঞান। আমরা ইতোপূর্বে দেখেছি যে, ইমাম আবূ হানীফা (রাহ) ঈমান-আকীদা বিষয়ে রচিত তাঁর পুস্তকটির নামকরণ করেন 'আল-ফিকহুল আকবার', অর্থাৎ ''সর্বোত্তম বা মহোত্তম ফিকহ্''।

ফুটনোট

[1] সূরা (৪৭) মুহম্মদ: ৯ আয়াত।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13582

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন